

নিরাপত্তা ব্যবস্থা

ময়মনসিংহ জাদুঘর বাংলাদেশ জাতীয় জাদুঘর একটি বিশেষায়িত প্রতিষ্ঠান। এ কারণে জাদুঘরের নিরাপত্তা ব্যবস্থাও বিশেষ ধরনের। এ শাখায় নিরাপত্তা প্রহরী, সহকারী নিরাপত্তা পরিদর্শক, নিরাপত্তা পরিদর্শক, নিরাপত্তা অফিসার এবং উর্ধ্বতন নিরাপত্তা অফিসার সমন্বয়ে কার্যক্রম পরিচালিত হয়। এছাড়াও জাদুঘরের নিরাপত্তায় বাংলাদেশ আনসার বাহিনী নিয়োজিত রয়েছে। জাদুঘর পরিদর্শনে আগত দর্শনার্থী এবং বিভিন্ন অনুষ্ঠানে আগত অতিথিদের সুষ্ঠু সেবা ও নিরাপত্তা নিশ্চিত করা এ শাখার দৈনন্দিন দায়িত্ব। নিরাপত্তা শাখা জাদুঘরের গ্যালারিতে প্রদর্শিত নিদর্শনাদি ও সকল সম্পদের নিরাপত্তা বিধানসহ সার্বক্ষণিকভাবে জাদুঘরের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করে থাকে।